বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২

গোপনীয়

নং- প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৫০৪(শৃঙ্খলা)/(২০১৮-২০১৯)/২০১৯-২০২০/ তারিখঃ ৩০.০৬.২০২০ খ্রিঃ

## কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব মোঃ গোলাম মাওলা, ব্যবস্থাপক(উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা), বিকেবি, খাসেরহাট শাখা, নোয়াখালী ইতঃপূর্বে একই অঞ্চলাধীন বিকেবি, আবিরপাড়া শাখায় ব্যবস্থাপক (মুখ্য কর্মকর্তা) হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের দায়ে আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর অধীনে শৃঙ্খলা সম্পর্কিত ৩৮ এর (ক), (খ) ও (ঘ) প্রবিধি মোতাবেক আপনাকে যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও অদক্ষতামূলক অপরাধের জন্য ২৫/২০১৮-২০১৯ নম্বর বিভাগীয় শৃঙ্খলাজনিত মামলা রুজু করিয়া সাবেক হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৩ (বর্তমান হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২) এর ১৮.০২.২০১৯ খ্রিঃ তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৫০৪/২০১৮-২০১৯/২৫৯০ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলা প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং আনুষঙ্গিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনি জনাব মোঃ গোলাম মাওলা আপনাকে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও অদক্ষতামূলক অপরাধে দোষী সাব্যস্ত করিয়া লঘু দন্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৪। সেহেতু কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্ত মোতাবেক আপনি জনাব মোঃ গোলাম মাওলা আপনাকে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৯ (১)(ক)(আ) প্রবিধি মোতাবেক আপনার ০১(এক) টি বার্ষিক বেতন বর্ধন ০১.০৭.২০২০ খ্রিঃ তারিখ হতে ৩০.০৬.২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত স্থগিত রাখিবার আদেশ দিলেন। প্রশাসন পরিপত্র নং-০৭/২০১২ তারিখঃ ১৫.১২.১৪১৮ বঙ্গাব্দ/২৯.০৩.২০১২ খ্রিঃ এর মাধ্যমে জারিকৃত "বাংলাদেশ কৃষি ব্যাংক কর্মকর্তা-কর্মচারী পদোন্নতি নীতিমালা, ২০১২ এর ১.৭(গ)(১)(২) উপ-বিধি অনুযায়ী আপনি পদোন্নতির যোগ্য বলে বিবেচিত হবেন না"।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

স্বাক্ষরিত
(মোঃ আব্দুর রউফ)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

জনাব মোঃ গোলাম মাওলা (জি-১৫৪),
ব্যবস্থাপক (উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা) ,
বাংলাদেশ কৃষি ব্যাংক ,
খাসেরহাট শাখা, নোয়াখালী ।

---

নং- প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৫০৪(শৃঙ্খলা)/(২০১৮-২০১৯)/২০১৯-২০২০/ ২৭৭৫(১৮) তারিখঃ ৩০.০৬.২০২০ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ-

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, কুমিল্লা।
০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কুমিল্লা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করিয়া কর্মী সংক্রান্ত ঘোষণাটি তাহার ব্যক্তিগত নথিতে সংরক্ষনের জন্য অনুরোধ করা হইল। "প্রশাসন পরিপত্র নং-০৭/২০১২ তারিখঃ ১৫.১২.১৪১৮ বঙ্গাব্দ/২৯.০৩.২০১২ খ্রিঃ এর মাধ্যমে জারিকৃত "বাংলাদেশ কৃষি ব্যাংক কর্মকর্তা-কর্মচারী পদোন্নতি নীতিমালা,২০১২ এর ১.৭(গ)(১)(২) উপ-বিধি অনুযায়ী তিনি পদোন্নতির যোগ্য বলে বিবেচিত হবেন না"। মর্মে কর্তৃপক্ষীয় রায় মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
০৭। উপ-মহাব্যবস্থাপক, নিরীক্ষা বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৮। **উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।**
০৯। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, নোয়াখালী। এতদসংগে প্রেরিত মূল ঘোষণাটি জনাব মোঃ গোলাম মাওলা এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
১০। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, নোয়াখালী।
১১। ব্যবস্থাপক, বিকেবি, আবিরপাড়া শাখা, নোয়াখালী।
১২। নথি/মহানথি/মূলনথি।

৩০/৬/২০২০
(মোঃ শফিকুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক

D:\Mosharraf\05.Parsonal Announcement\Personnel Announcement Punishment.docx